

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা।

বিআরপিডি সার্কুলার লেটার নং-৩৭

শ্রাবণ ০৫, ১৪২৭
তারিখঃ -----
জুলাই ২০, ২০২০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

**২০২০ সালের আসন্ন ঈদুল আজহা উৎসবে কোরবানিকৃত
পশুর কাঁচা চামড়া ক্রয়ের জন্য চামড়া ব্যবসায়ীদের ঋণ/বিনিয়োগ পুনঃতফসিল প্রসঙ্গে।**

শিরোনামোক্ত বিষয়ে জারিকৃত বিআরপিডি সার্কুলার নং-১৫, তারিখঃ জুলাই ০৫, ২০২০ এর ০২(ঙ) নং অনুচ্ছেদের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উক্ত সার্কুলারের আওতায় সুবিধা গ্রহণের জন্য অর্থায়নকারী ব্যাংকের নিকট ঋণ/বিনিয়োগ গ্রহীতাগণ কর্তৃক ঋণ/বিনিয়োগ পুনঃতফসিলের আবেদন দাখিলের সময়সীমা ২৯ অক্টোবর, ২০২০ তারিখ পর্যন্ত বর্ধিত করা হলো। উল্লিখিত সার্কুলারে বর্ণিত অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

০৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)
মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০২৫২